

## **রমাযানের ফাযায়েল ও রোযার মাসায়েল**

বিভাগ/অধ্যায়ঃ সপ্তম অধ্যায় - রোযা অবস্থায় যা বৈধ রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

৬। বাহ্যিক শরীরে তেল, মলম, পাওডার বা ক্রিম ব্যবহার

বাহ্যিক শরীরের চামড়ায় পাওডার বা মলম ব্যবহার করা রোযাদারের জন্য বৈধ। কারণ, তা পেটে পৌঁছে না। তদনুরূপ প্রয়োজনে ত্বককে নরম রাখার জন্য কোন তেল, ভ্যাসলিন বা ক্রিম ব্যবহার করাও রোযা অবস্থায় অবৈধ নয়। কারণ, এ সব কিছু কেবল চামড়ার বাহিরের অংশ নরম করে থাকে এবং শরীরের ভিতরে প্রবেশ করে না। পরস্তু যদিও লোমকূপে তা প্রবেশ হওয়ার কথা ধরেই নেওয়া যায়, তবুও তাতে রোযা নষ্ট হবে না।[1] তদনুরূপ রোযা অবস্থায় মহিলাদের জন্য হাতে মেহেন্দী, পায়ে আলতা অথবা চুলে (কালো ছাড়া অন্য রঙের) কলফ ব্যবহার বৈধ। এ সবে রোযা বা রোযাদারের উপর কোন (মন্দ) প্রভাব ফেলে না।[2]

## ফুটনোট

- [1] (ইবনে জিবরীন, ফাতাওয়া ইসলামিয়্যাহ ২/১২৭, ফাসিঃ মুসনিদ ৪১পঃ)
- [2] (ফাসিঃ মুসনিদ ৪৫পৃঃ, ফাতাওয়া ইসলামিয়্যাহ ২/১২৭)

• Source — https://www.hadithbd.com/books/link/?id=4054

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন